

জেলা নির্বাচনী আধিকারিকের আবেদন

বীরভূম

প্রিয় নির্বাচক,

আপনারা সকলেই জানেন যে, সারা দেশের সঙ্গে আমাদের রাজ্য ও জেলায় লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। বীরভূম জেলার অন্তর্গত ৪১ - বোলপুর (তপঃ জাতি) ও ৪২- বীরভূম লোকসভা আসনের জন্য নির্বাচন হবে ২৯ শে এপ্রিল, ২০১৯ তারিখে সকাল ৭:০০ টা হতে বিকেল ৬:০০ ঘটিকা পর্যন্ত। এই নির্বাচনে আপনাদের সকলের অংশগ্রহণ একান্ত আবশ্যিক। ভোট দেওয়া আপনার অধিকার এবং দায়িত্বও বটে।

নির্বাচনে প্রতিটি ভোটই সমান মূল্যবান। সুতরাং, অনুগ্রহ করে নির্দিষ্ট দিনে ভোটগ্রহণ কেন্দ্রে ই.ভি.এম-এ আপনার পছন্দের প্রার্থীর নাম ও প্রতীক চিহ্নের পাশে নীল বোতাম টিপে ভোট দিন। আপনার ভোট সম্পূর্ণ গোপন থাকবে। যাঁরা কোনো প্রার্থীকেই ভোট দিতে চান না তাঁদের জন্য ই.ভি.এম-এ “নোটা”, অর্থাৎ উপরের কেউই নন, এই বিকল্পটিও রাখা হয়েছে।

আপনার মূল্যবান ভোট আপনার পছন্দের প্রার্থী পেয়েছে কিনা, তা দেখার জন্য নির্বাচন কমিশন এই বার প্রতিটি বুথে ভি.ভি.প্যাট যন্ত্রের ব্যবস্থা করেছেন, যার মাধ্যমে আপনার ভোট কোন প্রার্থী পেয়েছেন তা ভি.ভি.প্যাট ডিসপ্লে ইউনিট-এ ৭ সেকেন্ডের জন্য আপনি দেখতে পাবেন, তারপর ভি.ভি.প্যাট এর কাগজ টি নির্দিষ্ট বক্সে জমা পড়বে। আপনারা ভি.ভি.প্যাট কাগজ ডিসপ্লে শেষ হওয়ার পর বিপ শব্দ শুনে ভোট কক্ষ ত্যাগ করুন। আপনাদের ভোট সম্পূর্ণ গোপন থাকবে।

দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার দায়িত্ব আমার, আপনার, আমাদের সকলের। তাই ভোটের দিন ভোট দিতে ভুলবেন না। ভোট দিন এবং দেশ গঠনে সামিল হোন।

নমস্কার।

স্বাঃ

জেলা নির্বাচন আধিকারিক
বীরভূম

শক্তিশালী গণতন্ত্রের জন্য অধিকতর অংশগ্রহণ